

বৈশিষ্ট্য

তারিখ: ২৯/০৭/২০০২
স্থান: ঢাকা

০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং পাঃ ১৩/১-২২ (ফুলত্রাইট)/৯৮/২৬০

তারিখ: ২৯/০৭/২০০২

বিজ্ঞপ্তি

বিষয়: ২০০৩ শিক্ষাবর্ষে যুক্তরাষ্ট্র সরকার প্রদত্ত ফুলত্রাইট প্রোগ্রামের অধীন বৃত্তির জন্য আবেদন।

যুক্তরাষ্ট্র সরকারের দু'বছর মেয়াদী ফুলত্রাইট বৃত্তির অধীনে, ২০০৩ শিক্ষাবর্ষে নিম্নোক্ত বিষয়সমূহে যুক্তরাষ্ট্র স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নের জন্য বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের জুনিয়র অনুষদ সদস্য ও গবেষণা প্রতিষ্ঠানের মধ্যম পর্যায়ের কর্মকর্তাদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাবে:

- আমেরিকান ইতিহাস/আমেরিকান ঐতিহ্য
- আমেরিকান সাহিত্য
- অর্থনীতি
- রাষ্ট্রবিজ্ঞান/আন্তর্জাতিক সম্পর্ক
- সাংবাদিকতা/গণযোগাযোগ
- সমাজ বিজ্ঞান
- শোক প্রশাসন
- হিসাব বিজ্ঞান/ব্যবস্থাপনা
- ওয়েব ঐতিহ্য

২। দরখাস্ত করার যোগ্যতা ও শর্তাবলী নিম্নরূপ:

- বিএ (অনার্স) এবং এমএ উভয় পরীক্ষায় কমপক্ষে ৬০% নম্বর থাকতে হবে। (জিপিএ মেডিং-এর আওতায় যারা অধ্যয়ন করেছেন তাদের জন্য এই শর্ত প্রযোজ্য হবে না। সেক্ষেত্রে তাদের গড়ে 'এ' পেতে হবে)।
- ইতোপূর্বে যারা যুক্তরাষ্ট্রে অধ্যয়ন শেষ করেছেন এমন প্রার্থী আবেদনের যোগ্য নন।
- প্রার্থীকে স্বচ্ছভাবে ইংরেজীতে কথা বলার সক্ষম হতে হবে।
- ভালো স্বাস্থ্যের অধিকারী হতে হবে।
- বাংলাদেশী নাগরিক হতে হবে।
- অধ্যয়ন শেষে বাংলাদেশে ফেরার অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- কোর্স সমাপ্তির পূর্বে দেশে চলে আসলে টিকেটের নাম ফেরত দিতে হবে।
- প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- মৌখিক পরীক্ষার মাধ্যমে চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীদের নভেম্বর ২০০২ সালে TOEFL দিতে হবে।
- সদ্যতোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত দু'কপি ছবি, সকল পরীক্ষা পাসের দু'কপি করে সত্যায়িত নম্বরপত্র ও সনদপত্রসহ নিম্নোক্ত ছকে ইংরেজীতে আবেদন করতে হবে। আবেদনপত্র দুই সেট হবে। প্রতি সেটে ১টি করে ছবি, জীবন বৃত্তান্ত ইত্যাদি দিতে হবে। জীবন বৃত্তান্তে নিম্নোক্ত তথ্যসমূহ থাকবে-
- আবেদনপত্রের ছক (ইংরেজীতে) নিম্নরূপ হবে:

যুক্তরাষ্ট্র সরকার প্রদত্ত স্নাতকোত্তর পর্যায়ের বৃত্তির জন্য আবেদন

প্রার্থীর বিষয়:

- প্রার্থীর নাম
- পিতার নাম
- বর্তমান ঠিকানা
- স্থায়ী ঠিকানা
- জন্ম তারিখ ও বর্তমান বয়স
- পেশা
- পদবি ও প্রতিষ্ঠানের নাম
- টেলিফোন নম্বর (যদি থাকে)
- এসএসসি হতে সকল পরীক্ষার ফলাফল

পরীক্ষার নাম	বোর্ড/বিশ্ববিদ্যালয় ও পাসের সন	পঠিত মূল বিষয়সমূহ বোর্ড/উচ্চ বিদ্যালয়	প্রাপ্ত বিভাগ/শ্রেণী	পরীক্ষার মোট নম্বর। (কত নম্বরের পরীক্ষা দিতে হয়েছে)	প্রাপ্ত নম্বর
--------------	---------------------------------	---	----------------------	--	---------------

আবেদনকারীর স্বাক্ষর

- ধামের উপর বৃত্তির নাম (ফুলত্রাইট বৃত্তি) ও প্রার্থিত বিষয় উল্লেখ করতে হবে।
- আবেদনপত্র আগামী ০৩/০৯/২০০২ তারিখের মধ্যে ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর ঠিকানায় পৌঁছাতে হবে।
- কোন ব্যক্তি একাধিক বিষয়ে প্রার্থী হতে পারবেন না এবং অন্য কোন বৃত্তির জন্য ইতোপূর্বে মনোনীত হয়ে থাকলে আবেদন করতে পারবেন না।
- প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- ইচ্ছাকৃতভাবে মিথ্যা বিবরণ/তথ্য প্রদানকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- আবেদনপত্রসমূহ বাছাই করার পর প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের চূড়ান্ত মনোনয়নের জন্য ইউসিসি কর্তৃক আয়োজিত মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(ওলনার নাজমুন নাহার)

সিনিয়র সহকারী সচিব

শিক্ষা মন্ত্রণালয়

ডবল নং-৬, কক্ষ নং-১৭০৬

বাংলাদেশ সচিবালয়, ঢাকা, ফোন: ৮৬১৫০৩২।

ডিএফপি-১৯১৯১-৩০/৭
স-৪০০৭(১১০৩)